গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
সাধারণ শাখা
কুমিল্লা
www.comilla.gov.bd

**জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬ পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মু: রেজা হাসান<br>জেলা প্রশাসক, কুমিল্লা |
| তারিখ ও সময় | : | ২৯-০৬-২০২৬ খ্রি: সকাল: ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি ২০২৪ এর জুলাই-আগস্ট এর ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে সকল শহিদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং আহতদের সুস্থতার জন্য দোয়া করেন।

অত:পর সভাপতির সম্মতিক্রমে জনাব মো: সাইফুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুমিল্লা, প্রশাসন-২ শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬-১৯০ তারিখ:০৩ জুন ২০২৬ মূলে প্রেরিত ০৫ আগস্ট **'জুলাই** গণঅভ্যুত্থান দিবস-২০২৬' পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি সভায় উপস্থাপন করেন এবং পাঠ করে শুনান। উক্ত কর্মসূচিসমূহের আলোকে জেলা পর্যায়ে অনুষ্ঠান আয়োজনের নিমিত্ত কর্মসূচি গ্রহণের বিষয়ে উপস্থিত সকলের বক্তব্য/ মতামত আহবান করা হয়।

০২। সভায় উপস্থিত জেলা কমিটির সদস্যবৃন্দ, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, গণমান্য ব্যক্তিবর্গ ও বৈষম্য বিরোধী ছাত্র সমন্বয়ক প্রতিনিধিগণ বক্তব্য উপস্থাপন করেন এবং ০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬' পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি এর আলোকে জেলা পর্যায়ে অনুষ্ঠান আয়োজনের জন্য কর্মসূচি গ্রহণের জন্য বিভিন্ন মতামত প্রদান করেন।

০৩। বিস্তারিত আলোচনার পর জেলা পর্যায়ে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ/ অনুষ্ঠান আয়োজনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬ পালন উপলক্ষে কুমিল্লা জেলার কর্মসূচি/অনুষ্ঠানমালা।**

| তারিখ ও সময় | জেলা পর্যায়ের কার্যক্রম/ অনুষ্ঠানমালা | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১/০৭/২০২৬ থেকে ০৫/০৮/২০২৬ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) | সকল শিক্ষা প্রতিষ্ঠানে রচনা, আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং জুলাই গণঅভ্যুত্থান দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা আয়োজন। | ১। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ০১/০৭/২০২৬ থেকে ৩৬ দিন ব্যপী (সুবিধাজনক সময়ে) | দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্য রেখে আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শন | সিনিয়র জেলা তথ্য অফিসার<br>গণযোগাযোগ অধিদপ্তর, কুমিল্লা |
| ০৫/০৮/২০২৬ খ্রি: সকাল ১০:৩০ ঘ: | জুলাই শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ<br>স্থান: কুমিল্লা টাউনহল প্রাঙ্গণ | ১।জেলা প্রশাসন কুমিল্লা<br>২। সংশ্লিষ্ট কমিটি |
| ০৫/০৮/২০২৬ খ্রি: সকাল ১০:৪৫ ঘ: | জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬ উপলক্ষে র‍্যালি আয়োজন<br>স্থান: কুমিল্লা টাউনহল প্রাঙ্গণ থেকে জেলা শিল্পকলা একাডেমি | ১।জেলা প্রশাসন কুমিল্লা<br>২। সংশ্লিষ্ট কমিটি |
| ০৫/০৮/২০২৬ খ্রি: সকাল ১১:০০ ঘ: | শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের সম্মানে সংবর্ধনা ও দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠান<br>স্থান: জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তন | ১। জেলা প্রশাসন কুমিল্লা<br>২। সংশ্লিষ্ট কমিটি |
| ০৫/০৮/২০২৬ খ্রি: (সুবিধাজনক সময়ে) | জুলাই শহিদদের বিদেহী আত্মার মাগফেরাত ও জুলাই যোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা | ১। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন কুমিল্লা<br>২। সহকারী পরিচালক হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, কুমিল্লা |
| ০৫/০৮/২০২৬ খ্রি: (সুবিধাজনক সময়ে) | ক. সকল সিনেমা হলসমূহে বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য চলচ্চিত্র প্রদর্শন<br>খ. সরকারি ও বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে প্রবেশ উন্মুক্ত রাখা | ১। আঞ্চলিক পরিচালক প্রত্নতত্ত্ব ও জাদুঘর অধিদপ্তর কুমিল্লা<br>২। সিনিয়র তথ্য অফিসার, কুমিল্লা<br>৩। স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান |

| | | |
|---|---|---|
| ০৫/০৮/২০২৬ খ্রি: (সুবিধাজনক সময়ে) | জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে সকল সরকারি হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, পথশিশু পুনর্বাসন কেন্দ্র, প্রতিবন্ধী শিশু কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে পুনর্বাসন কেন্দ্র ও শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহে প্রীতিভোজের আয়োজন করা | ১। সিভিল সার্জন, কুমিল্লা<br>২। উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা<br>৩। জেল সুপার, কেন্দ্রীয় কারাগার কুমিল্লা |
| ০৫/০৮/২০২৬ খ্রি: | শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিত করা | ১। সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ, কুমিল্লা<br>২। গণপূর্ত বিভাগ, কুমিল্লা |
| ০৫/০৮/২০২৬ খ্রি: (সন্ধ্যা ৭:০০ হতে রাত ১১:০০ পর্যন্ত) | জুলাই স্মৃতিস্তম্ভে আলোকসজ্জা করণ | নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, কুমিল্লা |

০৪. গৃহীত অনুষ্ঠানমালা/কর্মসূচিসমূহ সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন উপকমিটি গঠন করা হবে।

০৫. সকল অনুষ্ঠানের নিরাপত্তা বিধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, কুমিল্লাকে অনুরোধ করা হলো।

০৬. কুমিল্লা টাউন হল প্রাঙ্গনে অবস্থিত জুলাই স্মৃতিস্তম্ভ সংস্কার, লাইটিং ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম ০৫ আগস্ট ২০২৬ তারিখের পূর্বে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুমিল্লাকে অনুরোধ করা হলো।

০৭. সরকারি কর্মসূচির আলোকে উপজেলা পর্যায়ে কর্মসূচি/অনুষ্ঠান আয়োজনের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হলো।

সবশেষে সভাপতি গৃহীত অনুষ্ঠানমালা যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা এবং স্বত:স্ফূর্ত অংশগ্রহণ কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মুঃ রেজা হাসান
জেলা প্রশাসক
কুমিল্লা
ফোন: ০২৩৩৪৪০৩০১

স্মারক নম্বর-০৫.৪২.১৯০০.০০৮.২৩.০০২.২৫৭৬২(১০০) তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পুলিশ সুপার, কুমিল্লা।
৫। সিভিল সার্জন, কুমিল্লা
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন/ জেলা পরিষদ, কুমিল্লা।
৭। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা (জেলা পর্যায়ের দপ্তর প্রধান সকল)
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুমিল্লা
৯। সিনিয়র তথ্য অফিসার, কুমিল্লা।

স্মারক নম্বর : জেশিঅ/কুম/২০২৬/ ৮৯৬৭ তারিখঃ ৩০/০৬/২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল ঃ

০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল) , কুমিল্লা।
(জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬ পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর আলোকে আপনার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে রচনা, আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং জুলাই গণঅভ্যুত্থান দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজনের বিষয়টি নিশ্চিতকরণসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
০২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার-----------------------------------কলেজ/বিদ্যালয়/মাদরাসা/কারিগরি, কুমিল্লা।
০৩। অফিস নথি।

(মোঃ রফিকুল ইসলাম)
জেলা শিক্ষা অফিসার

স্মারক নং ঃ উমাশিঅ/আদর্শ সদর/কুমিল্লা/ ৯৬৯ তারিখ ঃ ০১/০৭/২০২৬ খ্রি.।

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬ পালন উপলক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে রচনা, আবৃত্তি ও চিত্রাংকন প্রতিযোগিতা এবং জুলাই গণঅভ্যুত্থান দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন নিশ্চিত করতঃ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০১/৭/২০২৬
মোঃ শাহ জালাল
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

প্রাপক ঃ অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,
কলেজ/ স্কুল এন্ড কলেজ/ /বিদ্যালয়/মাদ্রাসা